

৫. যদি বলা হয় 'প্রাচীন সাহিত্য' বইয়ের "রামায়ণ" ও "মেঘদূত" প্রবন্ধের তুলনায় "কাব্যের উপেক্ষিতা" প্রবন্ধটির একটি স্পষ্ট স্বাতন্ত্র্য আছে, তাহলে তুমি কি তার সঙ্গে একমত হবে? যুক্তিসহ তোমার বক্তব্য জানাও। ১০

অথবা

৬. প্রবন্ধ বলতে আমরা যা বুঝি 'পঞ্চভূত' বইয়ের অনেকগুলি রচনাই ঠিক সেই জাতের নয়। "নরনারী" ও "কৌতুকহাস্য" রচনা দুটি অবলম্বনে 'পঞ্চভূত'-এর বিশিষ্ট রচনারীতির স্বরূপ বিশ্লেষণ করো। ১০

৭. "সাহিত্যে মানুষ নিজেরই অন্তরতম পরিচয় দেয় নিজের অগোচরে" – "সাহিত্যের তাৎপর্য" প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

অথবা

৮. "বাজে কথা" কীভাবে সাহিত্যের সামগ্রী হয়ে ওঠে? তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে তা আলোচনা করো। ১০

— x —

কলা স্নাতক অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৮

(তৃতীয় বর্ষ, পঞ্চম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

রবীন্দ্র সাহিত্য (পর্ব - ২)

কোর্স ইউ.জি. - ৫.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১. "বিনোদিনীর রহস্যনিকেতনে আমাকে প্রবেশাধিকার দিয়েছিলেন।" রবীন্দ্রনাথের 'বিনোদিনী'কে নিয়ে দীনেশচন্দ্র সেনের রসিকতাকে স্মরণে রেখে তুমি কেমন করে বিনোদিনীকে পড়বে – তা লেখো। ১০

অথবা

২. 'চোখের বালি' উপন্যাস অবলম্বনে রবীন্দ্রনাথ কথিত 'আঁতের কথা'-র অনুসন্ধান করো। ১০

৩. 'আপদ' গল্পে নীলকান্ত চরিত্র নির্মাণে নল-দময়ন্তী পালার গান ও সতীশের শৌখিন দোয়াতদানের প্রয়োজনীয়তা কতখানি আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

৪. "ক্ষুধিত পাষণ" গল্পে আছেন দুজন কথক। এঁদের মধ্যে দ্বিতীয় কথকের পরিচয় দাও। এই 'দুই কথক' পরিকল্পনার পেছনে গল্পকারের কোনও বিশেষ অভিপ্রায় কাজ করেছে বলে তোমার মনে হয় কি? যুক্তিসহ লেখো। ১০

(Turn over)